অর্থ পাচার মামলায় ফরিদপুর আ’লীগের দুই নেতা গ্রেফতার

চেম্বার ডেস্ক:: দুই হাজার কোটি টাকা অর্থ পাচার মামলায় ফরিদপুর শহর আওয়ামী লীগের সভাপতি নাজমুল হাসান খন্দকার লেভী ও জেলা শ্রমিক লীগের অর্থ সম্পাদক বিল্লাল হোসেনকে গ্রেফতার করেছে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। শুক্রবার দুপুরে তাদেরকে গ্রেফতার করা হয়।

এর আগে গত ৭ জুন আটক করা হয়েছিল শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাজ্জাদ হোসেন বরকত ও তার ভাই ইমতিয়াজ হাসান রুবেলকে। বরকত ও রুবেলকে আটকের পর তাদের বিরুদ্ধে দুই হাজার কোটি টাকা অর্থ পাচারের অভিযোগে সিআইডি কাফরুল থানায় একটি মামলা দায়ের করে। সেই মামলায় স্বীকারোক্তিতে নাজমুল হাসান লেভী ও বিল্লাল হোসেন সম্পৃক্ত রয়েছে বলে জানা গেছে।

ফরিদপুরের পুলিশ সুপার মো. আলিমুজ্জামান বিপিএম জানান, অর্থ পাচার মামলার মূল আসামী বরকত-রুবেলের জবানবন্দিতে যাদের নাম এসেছে তাদের আটক করা হচ্ছে। এরই অংশ হিসাবে দুপুরে নাজমুল হাসান লেভী ও বিল্লাল হোসেনকে তাদের বাড়ি থেকে আটক করা হয়। আটকের পর তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।